

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন শাখা

শিক্ষা নিয়ে গড়ব
দেশ, শেখ হাসিনার
বাংলাদেশ

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	এ.বি.এম জাকির হোসাইন ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৭ ফেব্রুয়ারি, ২০১৯ বুধবার
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিয়মিত সভা করা প্রয়োজন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ২৮/০১/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

২। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বিপরীতে কলেজসমূহকে টিউশন ফির টাকা প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	আগামী ১৪/০৩/২০১৯ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বিপরীতে কলেজসমূহকে টিউশন ফির টাকা প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
২.	২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষের উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকার হার্ডকপিগুলো সংরক্ষণের বিষয়ে আলোচনা করা হয়।	২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষের উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকার হার্ডকপিসমূহ একটি নির্ধারিত কক্ষে সাজিয়ে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (উপবৃত্তি) এর নেতৃত্বে
৩.	ট্রাস্টের অব্যবহৃত সরঞ্জামাদির বিষয়ে আলোচনা করা হয়।	ট্রাস্টের অব্যবহৃত সরঞ্জামাদি নিলামে বিক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)

৪.	এফবিসিসিআই এর কাছ থেকে উপহারস্বরূপ প্রাপ্ত ০২ (দুই) টি গাড়ি (ঢাকা মেট্রো-চ-৫৬- ৩২০৫ এবং ঢাকা মেট্রো-চ-৫৬- ৩২০৬) টিওএন্ডইভুক্ত করণের বিষয়ে আলোচনা করা হয়।	এফবিসিসিআই এর কাছ থেকে উপহারস্বরূপ প্রাপ্ত ০২ (দুই) টি গাড়ি (ঢাকা মেট্রো-চ-৫৬- ৩২০৫ এবং ঢাকা মেট্রো-চ-৫৬- ৩২০৬) টিওএন্ডইভুক্ত করণের জন্য শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
৫.	ওয়াইফাই রাউটার, ক্যামেরা এবং কম্পিউটার UPS ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জন্য শক্তিশালী ওয়াইফাই রাউটার, ট্রাস্টের বিভিন্ন কর্মকান্ড ডকুমেন্টেশনের জন্য একটি ডি.এস.এল.আর ক্যামেরা এবং ০৬ (ছয়) টি UPS ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)

অতঃপর, সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ.বি.এম জাকির হোসাইন
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৬১

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৫

১২ মার্চ ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক , পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৩) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৪) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৫) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৬) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৭) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৮) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১০) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১৩) ডাটা এন্ট্রি অপারেটর, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট



রেজওয়ানা আক্তার জাহান

সহকারী পরিচালক